গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং
www.plancomm.gov.bd

নং- ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০২০.১৭-২৩১

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৯
০২ মার্চ ২০২৩

বিষয় : "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) জনাব আবদুল বাকী এর সভাপতিত্বে ১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০২ (দুই) পাতা।

(সাঈকা সাহাদাত)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ০২-৪৮১১১৫৯৪
ই-মেইল : saikalady2003@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৭। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্প, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

০১। সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, কক্ষ-১০ পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
০৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বস্ত্র, পাট, শ্রমও কর্মসংস্থান উইং
www.plancomm.gov.bd

**বিষয় : উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত পিইসি সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | আবদুল বাকী<br>সদস্য (সচিব)<br>শিল্প ও শক্তি বিভাগ |
| **সভার তারিখ ও সময়** | : | ১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকা। |
| **সভার স্থান** | : | শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ নং-০৩)। |
| **সভায় উপস্থিতি** | : | পরিশিষ্ট-ক |

**২। উপস্থাপনা :**

**২.১** সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে পরিকল্পনা কমিশনের প্রধান, শিল্প ও শক্তি বিভাগ বলেন যে, "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৩৭৬.৪৬৭৪ কোটি টাকা ব্যয়ে জুলাই ২০১৮ হতে মার্চ ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৯ মে ২০১৮ খ্রি. তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি ৩৭৩.২০০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধিত ডিপিপি ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে মার্চ ২০২৩ এর পরিবর্তে জুলাই ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদে অর্থাৎ ০২ বছর ০৩ মাস মেয়াদ বৃদ্ধি করে প্রাক্কলিত ব্যয় ৩.২৬৬৫ কোটি টাকা (০.৮৭%) হ্রাস করে ৩৭৩.২০০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**২.২** অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) জনাব দীপক কুমার সরকার প্রকল্পটির সম্পর্কে বিস্তারিত তথ্যাদি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে সভায় উপস্থাপন করেন।

**২.৩** তিনি সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১২৬.৪৫৯২ কোটি টাকা। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪২% এবং আর্থিক অগ্রগতি ৩৩.৫৯%। প্রকল্পের আওতায় যথাসময়ে জনবল নিয়োগ না হওয়ায় অনুমোদিত ডিপিপি'তে প্রকল্পের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল সে অনুযায়ী বাস্তব ও আর্থিক অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি। আলোচ্য প্রকল্পটির আওতায় মোট ১০৬০৮টি কৃষি প্রদশনী/মাঠ দিবস অন্তর্ভুক্ত করা হয়েছে। যার মধ্যে মাঠ পর্যায়ে বীজ উৎপাদনের জন্য প্রতি বছরে ২৪০০টি এবং পাট উৎপাদনের জন্য ৮২০৮টি কৃষি প্রদশনী/মাঠ দিবস অনুষ্ঠিত হবে এবং ৪৯০২ জন কৃষককে শ্রেষ্ঠ কৃষক পুরস্কার প্রদান করা

হবে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে পাট চাষীদের তালিকা, প্রশিক্ষণ, কৃষক সমাবেশ, সেমিনার/কর্মশালা এবং পাটবীজ ও সার বিতরণ লক্ষ্য মাত্রানুযায়ী বিতরণ করা সম্ভব না হওয়ায় ০২ বছর ০৩ মাস মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

**৩। আলোচনা :**

**৩.১** সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটির আওতায় পাট ও পাটবীজ উৎপাদন করে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য উৎপাদিত পাটবীজের প্রয়োজনীয় ট্যাগিং ও প্যাকিজিং সুবিধা প্রদানের বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদনে সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং সকলে একমত পোষণ করেন।

**৩.২** ভ্রমণ ব্যয় অঙ্গে জুন ২০২২ পর্যন্ত ২.৬৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে কিন্তু আরডিপিপি'তে ১৭.২৭ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে যা অত্যধিক মর্মে প্রতীয়মান হয়। ভ্রমণ ব্যয় বাবদ জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২.৬৩৯ কোটি টাকা কিভাবে ব্যয় করা হয়েছে এ বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী ভ্রমণ ব্যয়ের হার বেড়েছে। সভাকে অবহিত করা হয় যে, আরডিপিপি'র অনুচ্ছেদ ৮, ৯ এবং সংযোজনী ৬ এ উল্লিখিত ভ্রমণ অঙ্গের ব্যয় প্রাক্কলনে তারতম্য পরিলক্ষিত হয় যা সংশোধন করা প্রয়োজন। অভ্যন্তরীণ ও বৈদেশিক ভ্রমণ ব্যয় যথাযথভাবে উল্লেখ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, আরডিপিপি'র অনুচ্ছেদ ৮ ও ৯ এর প্রাক্কলিত ব্যয়ের যোগফলের ত্রুটি সংশোধনের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

**৩.৩** প্রকল্পের আওতায় প্রচার ও বিজ্ঞাপন বাবদ ৬.৮৯ কোটি টাকা প্রস্তাব করার বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রচার ও বিজ্ঞাপনের আওতায় সাইনবোর্ড অন্তর্ভুক্ত করায় প্রকল্পের ব্যয় ০.৫৫৯৮ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। সাইনবোর্ড অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**৩.৪** আরডিপিপি'তে কৃষি প্রদর্শনী অঙ্গ অন্তর্ভুক্ত করা হয়েছে। যার আওতায় ১০,৬০৮টি কৃষি প্রদর্শনীর জন্য ১৫.৯১২০ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। তাছাড়া ভর্তুকি বাবদ ৬.৪৬ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, মাঠ দিবসের মাধ্যমে পাট বীজ উৎপাদন ও পাট পচনে আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি সম্পর্কে কৃষকদের অবহিত করা সম্ভব হবে। পাট স্বল্প সময়ে পচনের জন্য কৃষকদের কে ইউরিয়া সারসহ অন্যান্য সহয়তা প্রদানের জন্য ভর্তুকি ব্যয় প্রস্তাব করা হয়েছে। সভাপতি প্রকল্পের আওতায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কৃষক প্রতিনিধিদের স্টেক হোল্ডার হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করে ভর্তুকি প্রদান নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**৩.৫** শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্প সমাপ্তির পর সেচ ব্যবস্থাকে টেকসই করার বিষয়ে প্রকল্পের এক্সিট প্ল্যান (exit plan) প্রণয়নের জন্য পরামর্শ প্রদান করেন। প্রকল্পে এক্সিট প্ল্যান (exit plan) প্রণয়ন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**৩.৬** প্রকল্পের মোট ক্রয় পরিকল্পনায় একাধিক ক্রয় পদ্ধতির পরিবর্তে প্রতিটি প্যাকেজের ক্ষেত্রে সুনির্দিষ্ট ভাবে একটি ক্রয় পদ্ধতি উল্লেখ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর ও চুক্তি অনুযায়ী কার্যসম্পাদনের শেষ তারিখ উল্লেখ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৭ পানি স্বল্পতার কারণে পাট পচনের সমস্যা সমাধানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাট পচনের সমস্যা সমাধানে জমিতে যে অগভীর গর্ত খনন করা হবে তার আকার এবং মোট কতটি গর্ত খনন করা হবে তা আরডিপিপি'তে উল্লেখ করার বিষয়ে সভায় আলোচনা এবং একমত পোষণ করা হয়।

৩.৮ ১৯০০ জন কৃষকের পরিবর্তে ৪৯২০ জনকে কৃষককে শ্রেষ্ঠ কৃষক পুরস্কার প্রদানের প্রস্তাব করা হয়েছে। কীভাবে শ্রেষ্ঠ কৃষক নির্ধারণ করা হবে এ বিষয়ে সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতাভুক্ত উপজেলায় সর্বোচ্চ পাট ও পাটবীজ উৎপাদনকারী কৃষককে শ্রেষ্ঠ কৃষক নির্ধারণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

## ৪। সিদ্ধান্ত :

প্রাসঙ্গিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয় :

৪.১ আইএমইডি কর্তৃক জুন ২০২২ এ প্রকাশিত নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন অনুযায়ী কৃষকদের ন্যায্যমূল্য প্রাপ্তির সুবিধার্থে উৎপাদিত পাটবীজের প্যাকেজিং এবং ট্যাগিং এর বিষয়ে প্রকল্প হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।

৪.২ কৃষি ভর্তুকি বাবদ ৬.৪৬ কোটি টাকা যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি'তে কৃষক/সুবিধাভোগীদের প্রতিনিধি অন্তর্ভুক্ত করে ভর্তুকি প্রদান নিশ্চিত করতে হবে।

৪.৩ প্রকল্পের মোট ক্রয় পরিকল্পনায় একাধিক ক্রয় পদ্ধতির পরিবর্তে প্রতিটি প্যাকেজের ক্ষেত্রে সুনির্দিষ্ট ভাবে একটি ক্রয় পদ্ধতি উল্লেখ করতে হবে। এছাড়া, দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর ও চুক্তি অনুযায়ী কার্যসম্পাদনের শেষ তারিখ উল্লেখ করতে হবে।

৪.৪ প্রকল্পটির কার্যক্রম টেকসই করার লক্ষ্যে প্রকল্পের এক্সিট প্ল্যান (exit plan) প্রণয়ন করে আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৪.৫ প্রকল্পের আওতায় বিভিন্ন আইটেমের বিস্তারিত ব্যয় বিভাজন যথাযথভাবে আরডিপিপি'তে উল্লেখ করতে হবে।

৪.৬ আরডিপিপি'র অনুচ্ছেদ-৮ ও ৯ এর ব্যয় প্রাক্কলনের যোগফলের ত্রুটি সংশোধন করতে হবে। এছাড়া, 'থোক' পরিহার করে নির্দিষ্ট সংখ্যা/পরিমাণ উল্লেখ করতে হবে।

৪.৭ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে বর্ণিত পানি স্বল্পতার কারণে পাট পচনের সমস্যা সমাধানের জন্য পাটের জমিতে যে অগভীর গর্ত খননের উল্লেখ রয়েছে তার আকার এবং কতটি গর্ত খনন করা হবে উপজেলা ভিত্তিক তার সংখ্যা আরডিপিপি'তে উল্লেখ করতে হবে।

৪.৮ আরডিপিপি'তে যে সকল তথ্য বা ডাটা উল্লেখ করা হয়েছে তার সূত্র উল্লেখ করতে হবে এবং

৪.৯ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ প্রতিপালনপূর্বক আরডিপিপি ২০ কার্য দিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/১৮

(আবদুল বাকী)
সদস্য (সচিব)
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন, ঢাকা।